

Nizam
20/10/22
Dr. Tahsinur

১৩ই সেপ্টেম্বর, ২০২২

ডা. দীপু মনি, এম.পি

মাননীয় শিক্ষামন্ত্রী

শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিষয়ঃ শিক্ষা মন্ত্রণালয়ের তত্ত্বাবধায়নে এবং সার্বিক সহযোগীতায় “শেখ রাসেল স্টিম অলিম্পিয়াড” আয়োজন করার সম্মতি চেয়ে আবেদন।

মহোদয়,


সবিনয় নিবেদন এই যে, আইটেসারেস্ট টেকনোলজিস একটি তথ্য, প্রযুক্তি ও এডটেক ভিত্তিক কোম্পানী (আইজুম লিমিটেডের একটি অংশীদারিত্ব প্রতিষ্ঠান)। ইতিমধ্যে আইটেসারেস্ট বাংলাদেশে শিশু কিশোর ও ছাত্রছাত্রীদের নিয়ে চতুর্থ শিল্প বিপ্লবের দক্ষতা ও উন্নয়নমূলক ক্যাম্পেইন ও বিভিন্ন সচেতনতা মূলক কাজ করে যাচ্ছে। এরই পরিপ্রেক্ষিতে আমরা বাংলাদেশে সর্বপ্রথম নিজস্ব ও সম্পদের অর্থায়নে স্টিম অলিম্পিয়াড আয়োজন করার উদ্যোগ গ্রহণ করেছি। স্টিম অলিম্পিয়াডের মাধ্যমে ছাত্রছাত্রীদের সুন্দর ভবিষ্যৎ, প্রতিভা, যোগ্যতা এবং বিজ্ঞানভিত্তিক বুদ্ধিমত্তা বিকশিত করে। এই প্রথম বাংলাদেশে আমরা বিজ্ঞান, প্রযুক্তি, ইঞ্জিনিয়ারিং, কলা ও ম্যাথমেটিক্স নিয়ে “শেখ রাসেল স্টিম অলিম্পিয়াড” আয়োজন করার উদ্যোগ গ্রহণ করেছি।

আমরা আশা করছি প্রতিবছর “শেখ রাসেল স্টিম অলিম্পিয়াড” এই কার্যক্রমটি ধারাবাহিকভাবে সম্পন্ন করার মাধ্যমে শিক্ষাক্ষেত্রে এবং তথ্য প্রযুক্তিতে ছাত্রছাত্রীদের দৈনন্দিন জীবনেও এক আমূল পরিবর্তন করা সম্ভব। শিক্ষার্থীদের পরিবর্তনের জন্য এক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয় একটি অগ্রগামী ভূমিকা পালন করতে পারে। সারা বাংলাদেশে বর্তমানে শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে যে সকল স্কুল কলেজ এবং বিশ্ববিদ্যালয় রয়েছে তাদের সাথে সমন্বয় করে যদি এই অলিম্পিয়াড করা হয়, তাহলে আশা করা যেতে পারে বাংলাদেশের প্রত্যন্ত এলাকায় স্টিম শিক্ষা ও চতুর্থ শিল্প বিপ্লবের জন্য জনবল গড়ে তোলা সহজ হবে, যা আগামীর সমৃদ্ধির বাংলাদেশ গড়ার ক্ষেত্রে একটি মাইলফলক হয়ে থাকবে।

অতএব, আপনার নিকট আকুল আবেদন এই যে, “শেখ রাসেল স্টিম অলিম্পিয়াড” আয়োজনে শিক্ষা মন্ত্রণালয় তত্ত্বাবধায়ক হিসেবে সম্মতি প্রদান ও সার্বিক সহযোগীতায় দেশব্যাপী এই উদ্যোগকে সাফল্যমণ্ডিত ও ফলপ্রসূ করা হবে।

নিবেদক,





মোহাম্মদ আবদুল হামিদ

প্রধান নির্বাহী পরিচালক

মোবাইলঃ +৮৮০ ১৫৩৪ ৮৫৫১২৫

আইটেসারেস্ট টেকনোলজিস

